

বিদ্যুৎখাতে অপচয় রোধ, নবায়নযোগ্য জ্বালানি ও সৌর বিদ্যুৎ ব্যবহারে অবদান
রাখার জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে ব্যক্তি ও প্রতিষ্ঠানকে স্বীকৃতি স্বরূপ
পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশিকা-২০১৮



বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

বিদ্যুৎখাতে অপচয় রোধ, নবায়নযোগ্য জ্বালানি ও সৌর বিদ্যুৎ ব্যবহারে অবদান রাখার জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে ব্যক্তি ও প্রতিষ্ঠানকে স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশিকা-২০১৮।

১.০ ভূমিকা:

বিদ্যুৎ খাতে উদ্ভাবনী উদ্যোগ এবং "শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" ব্রান্ডিং কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে বিদ্যুৎখাতে সৃজনশীল উদ্যোগ, বিদ্যুৎ অপচয় রোধ, জ্বালানি সাশ্রয়, বিকল্প জ্বালানির ব্যবহার, নবায়নযোগ্য জ্বালানি ও সৌর বিদ্যুৎ ব্যবহারে অবদানের জন্য স্বীকৃতিস্বরূপ উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে (অর্থাৎ বিদ্যুৎ বিভাগ কর্তৃক) সরকারি ও বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হবে। এতদুদ্দেশ্যে এ নির্দেশিকা প্রণয়ন করা হল (পরিশিষ্টসহ)। উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে পরিশিষ্ট-ক বর্ণিত সময়সীমা অনুযায়ী প্রতিযোগিতার কার্যক্রম পরিচালিত হবে। উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে মূল্যায়ন কমিটির রুপরেখা পরিশিষ্ট-খ এ দৃষ্টব্য।

২.০ সেরা ব্যক্তি ও প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে শর্তাবলি:

সরকারি ও বেসরকারি পর্যায়ে বর্ণিত বিষয়ে শ্রেষ্ঠ ব্যক্তি ও প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হবে।

- (১) প্রকল্পের কারিগরী বিবরণ।
- (২) প্রকল্পটির সামাজিক প্রভাব।
- (৩) প্রকল্পটির নতুনত্ব ও সৃজনশীলতা।
- (৪) প্রকল্পটির পরিবেশ ও জলবায়ু নিরাপত্তায় ভূমিকা।
- (৫) বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে ভূমিকা।
- (৬) প্রকল্পটি বাস্তবায়নে পরামর্শ, আর্থিক সহায়তা, জনসচেতনতা, জনসংযোগ ইত্যাদি থাকলে তার বিবরণ।
- (৭) ব্যয়ের বিবরণ।
- (৮) প্রয়োজনীয় তথ্য-উপাত্ত।

৩.০ শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচন পদ্ধতি:

বিদ্যুৎ ও জ্বালানির অপচয় রোধ, জ্বালানি সাশ্রয়, বিকল্প জ্বালানির ব্যবহার ও নবায়নযোগ্য জ্বালানি খাতে সরকারি ও বেসরকারি পর্যায়ে ব্যক্তি ও প্রতিষ্ঠান কর্তৃক অবদান রাখার জন্য উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি ও প্রতিষ্ঠান নির্বাচনের জন্য নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে।

১

১

৩.১ উপজেলা পর্যায়ে মূল্যায়ন

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, স্কাউট টিম, ব্যক্তি ও প্রতিষ্ঠান অর্থাৎ এই ৪ ক্যাটাগরী হতে আগ্রহী প্রতিযোগীগণ বর্ণিত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) এর বরাবর প্রস্তাব প্রেরণ করবেন। ইউএনও এর নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক প্রাপ্ত প্রস্তাবসমূহ বাছাই করে উক্ত ৪টি ক্যাটাগরীর প্রত্যেকটি হতে ২ জন করে (১ম ও ২য়) মোট ৮ জন সেরা প্রতিযোগী নির্বাচনপূর্বক পুরস্কৃত করা হবে। ইউএনও উক্ত ফলাফল সময়সূচি (পরিশিষ্ট-ক) মোতাবেক জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবেন। একই সাথে ইউএনও তাঁর নিজের, উপজেলা চেয়ারম্যান, মেয়র (প্রযোজ্য ক্ষেত্রে) এবং উপজেলা টিমের বর্ণিত বিষয়ে অবদান সম্পর্কে (যদি থাকে) একটি প্রতিবেদন জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবেন।

৩.২ জেলা পর্যায়ে মূল্যায়ন

উপজেলা থেকে প্রাপ্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, স্কাউট টিম, ব্যক্তি, প্রতিষ্ঠান, ইউএনও, উপজেলা চেয়ারম্যান, মেয়র ও উপজেলা টিম এর প্রস্তাবসমূহ (৮টি ক্যাটাগরীর) জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক বাছাই পূর্বক প্রত্যেক ক্যাটাগরী হতে ১জন করে মোট ৮ জন শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচনপূর্বক পুরস্কৃত করা হবে। জেলা প্রশাসক উক্ত ফলাফল সময়সূচি (পরিশিষ্ট-ক) মোতাবেক বিভাগীয় কমিশনার এর নিকট প্রেরণ করবেন। একই সাথে জেলা প্রশাসক উক্ত বিষয়ে তাঁর নিজের অবদান সম্পর্কে (যদি থাকে) একটি প্রতিবেদন বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করবেন।

৩.৩ বিভাগীয় পর্যায়ে মূল্যায়ন

জেলা প্রশাসকসহ জেলা পর্যায় হতে প্রাপ্ত মোট ৯টি ক্যাটাগরীর প্রস্তাব বিভাগীয় কমিশনারের নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে। প্রত্যেক ক্যাটাগরী হতে ১ জন করে মোট ৯ জন শ্রেষ্ঠ প্রতিযোগীকে পুরস্কৃত করা হবে। বিভাগীয় কমিশনার উক্ত ফলাফলের প্রতিবেদন জাতীয় পর্যায়ে অর্থাৎ বিদ্যুৎ বিভাগের নিকট সময়সূচি (পরিশিষ্ট-ক) মোতাবেক প্রেরণ করবেন। একই সাথে বিভাগীয় কমিশনার উক্ত বিষয়ে তাঁর নিজের অবদান সম্পর্কে (যদি থাকে) একটি প্রতিবেদন বিদ্যুৎ বিভাগের নিকট প্রেরণ করবেন।

৩.৪ জাতীয় পর্যায়ে মূল্যায়ন

বিভাগীয় কমিশনারসহ প্রতিটি বিভাগ হতে মোট ১০টি ক্যাটাগরীর প্রস্তাব পাওয়া যাবে। ৮টি বিভাগ থেকে মোট ৮০টি প্রস্তাব পাওয়া যাবে। ১০টি ক্যাটাগরীর প্রতিটি ক্যাটাগরী হতে ১ম, ২য় ও ৩য় অর্থাৎ ৩০ জন সেরা প্রতিযোগী নির্বাচন করে পুরস্কৃত করা হবে।

শ্রেষ্ঠ প্রতিযোগী বাছাই উপলক্ষে সময়ভিত্তিক কর্মকান্ডের বিবরণ।

ক্রমিক নং	বিষয়	সময়সূচী
১।	নির্দেশিকা প্রস্তুত	৮ ফেব্রুয়ারি ২০১৮
২।	নির্দেশিকা অনুমোদন	১২ ফেব্রুয়ারি ২০১৮
৩।	পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ	১৫ ফেব্রুয়ারি ২০১৮
৪।	বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও ইউএনও এর নিকট গাইড লাইন ও বিজ্ঞপ্তিসহ পত্র প্রেরণ	২০ ফেব্রুয়ারি ২০১৮ ✓
৫।	উপজেলা পর্যায়ে প্রস্তাব পেশ	৪ মার্চ ২০১৮
৬।	উপজেলা পর্যায়ে প্রস্তাব বাছাই ও পুরস্কার প্রদান	৮ মার্চ ২০১৮
৭।	উপজেলা পর্যায় থেকে জেলা পর্যায়ে ফলাফল প্রেরণ	১২ মার্চ ২০১৮
৮।	জেলা পর্যায়ে প্রস্তাব বাছাই ও পুরস্কার প্রদান	২২ মার্চ ২০১৮
৯।	জেলা পর্যায় থেকে বিভাগীয় পর্যায়ে ফলাফল প্রেরণ	২৫ মার্চ ২০১৮
১০।	বিভাগীয় পর্যায় প্রস্তাব বাছাই ও পুরস্কার প্রদান	৫ এপ্রিল ২০১৮
১১।	বিভাগীয় পর্যায় থেকে বিদ্যুৎ বিভাগে ফলাফল প্রেরণ	৮ এপ্রিল ২০১৮
১২।	জাতীয় পর্যায়ে প্রস্তাব বাছাই ও পুরস্কার প্রদান	১৯ এপ্রিল ২০১৮

উপজেলা পর্যায়ে মূল্যায়ন কমিটি

০১। উপজেলা নির্বাহী কর্মকর্তা	-	আহ্বায়ক
০২। উপজেলা কৃষি কর্মকর্তা	-	সদস্য
০৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা	-	সদস্য
০৪। আবাসিক প্রকৌশলী (পিডিবি/ওজোপাডিকো/নেসকো)	-	সদস্য
০৫। সংশ্লিষ্ট ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি	-	সদস্য সচিব

জেলা পর্যায়ে মূল্যায়ন কমিটি

০১। জেলা প্রশাসক	-	আহ্বায়ক
০২। উপ-পরিচালক (কৃষি)	-	সদস্য
০৩। জেলা শিক্ষা অফিসার	-	সদস্য
০৪। জিএম (পল্লী বিদ্যুৎ সমিতি)	-	সদস্য
০৫। নির্বাহী প্রকৌশলী (পিডিবি/ ওজোপাডিকো/ নেসকো)	-	সদস্য সচিব

বিভাগীয় পর্যায়ে মূল্যায়ন কমিটি

০১। বিভাগীয় কমিশনার	-	আহ্বায়ক
০২। পরিচালক (কৃষি সম্প্রসারণ)	-	সদস্য
০৩। পরিচালক (মাধ্যমিক শিক্ষা)	-	সদস্য
০৪। প্রধান প্রকৌশলী (পিডিবি/ওজোপাডিকো/নেসকো)	-	সদস্য সচিব

(

৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

বিদ্যুৎ ও জ্বালানি খাতে অপচয় রোধ ও নবায়নযোগ্য জ্বালানি ও সৌর বিদ্যুৎ খাতে অবদানের জন্য পুরস্কার প্রদান

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানির অপচয় রোধ, জ্বালানি সাশ্রয়, বিকল্প জ্বালানির ব্যবহার, নবায়নযোগ্য ও সৌর বিদ্যুৎখাতে ব্যক্তিগতভাবে অবদান রাখার জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জাতীয় পর্যায়ে পুরস্কৃত করা হবে। উল্লেখ্য এ বিষয়ে একটি নির্দেশিকা বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে (www.powerdivision.gov.bd) প্রকাশ করা হয়েছে। এই মর্মে আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট থেকে আগামী ৪ মার্চ ২০১৮ইং তারিখের মধ্যে স্ব-স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রস্তাব দাখিলের আহ্বান করা যাচ্ছে। প্রস্তাব পেশ কালে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রাখতে হবে।

- (১) প্রকল্পের কারিগরি বিবরণ।
- (২) প্রকল্পটির সামাজিক প্রভাব।
- (৩) প্রকল্পটির নতুনত্ব ও সৃজনশীলতা।
- (৪) প্রকল্পটির পরিবেশ ও জলবায়ু নিরাপত্তায় ভূমিকা।
- (৫) বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে ভূমিকা।
- (৬) প্রকল্পটি বাস্তবায়নে পরামর্শ, আর্থিক সহায়তা, জনসচেতনতা, জনসংযোগ ইত্যাদি থাকলে তার বিবরণ।
- (৭) ব্যয়ের বিবরণ।
- (৮) প্রয়োজনীয় তথ্য-উপাত্ত।

(মাহমুদুল কবীর মুরাদ)

উপ সচিব (উন্নয়ন-৪), বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

ফোন: ০২-৯৫৫০৬৭৮

ও

সদস্য সচিব (মূল্যায়ন উপ-কমিটি)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

বিদ্যুৎ ও জ্বালানি খাতে অপচয় রোধ ও নবায়নযোগ্য জ্বালানি ও সৌর বিদ্যুৎ খাতে অবদানের জন্য পুরস্কার প্রদান

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানির অপচয় রোধ, জ্বালানি সাশ্রয়, বিকল্প জ্বালানির ব্যবহার, নবায়নযোগ্য ও সৌর বিদ্যুৎখাতে ব্যক্তিগতভাবে অবদান রাখার জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জাতীয় পর্যায়ে পুরস্কৃত করা হবে। উল্লেখ্য এ বিষয়ে একটি নির্দেশিকা বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে (www.powerdivision.gov.bd) প্রকাশ করা হয়েছে। এই মর্মে আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট থেকে আগামী ৪ মার্চ ২০১৮ইং তারিখের মধ্যে স্ব-স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রস্তাব দাখিলের আহ্বান করা যাচ্ছে। প্রস্তাব পেশ কালে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রাখতে হবে।

- (১) প্রকল্পের কারিগরী বিবরণ।
- (২) প্রকল্পটির সামাজিক প্রভাব।
- (৩) প্রকল্পটির নতুনত্ব ও সৃজনশীলতা।
- (৪) প্রকল্পটির পরিবেশ ও জলবায়ু নিরাপত্তায় ভূমিকা।
- (৫) বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে ভূমিকা।
- (৬) প্রকল্পটি বাস্তবায়নে পরামর্শ, আর্থিক সহায়তা, জনসচেতনতা, জনসংযোগ ইত্যাদি থাকলে তার বিবরণ।
- (৭) ব্যয়ের বিবরণ।
- (৮) প্রয়োজনীয় তথ্য-উপাত্ত।

(মাহমুদুল কবীর মুরাদ)
উপ সচিব (উন্নয়ন-৪), বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
ফোন: ০২-৯৫৫০৬৭৮

ও

সদস্য সচিব (মূল্যায়ন কমিটি)

স্মারক নং: ২৭.০২.০০০০.০০০.২৩.০০১.১৪-

তারিখ: ১১-০২-২০১৮ইং।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, স্টেডা, আইইবি ভবন, রমনা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা (সার্বিক সহযোগিতা ও সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা (সার্বিক সহযোগিতা ও সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৭. বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/বরিশাল/ রংপুর/ময়মনসিংহ।
৮. মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন (১৪ম তলা), ১ আবদুল গণি রোড, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/নেসকো (সার্বিক সহযোগিতা ও সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১০. জেলা প্রশাসক, জেলা (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রতিযোগিতা আয়োজনের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১১. জনাব তাহমিনা ইয়াসমিন, উপ সচিব (প্রশাসন-১), বিদ্যুৎ বিভাগ ও সদস্য, মূল্যায়ন কমিটি।
১২. জনাব এম. আমজাদ হোসেন, পরিচালক (কমার্শিয়াল), পাওয়ার সেল ও সদস্য, মূল্যায়ন কমিটি।